

আবেদন আহ্বান

ইয়ুথ ইনোভেশন ল্যাব ২০২৬



আপনি কি একজন তরুণ সমাজ পরিবর্তনকারী, যার সাহসী ভাবনা রয়েছে বাস্তব জীবনের চ্যালেঞ্জগুলো সমাধানের জন্য? আপনি কি আপনার স্বপ্নগুলোকে এমন কার্যকর সমাধানে রূপ দিতে চান যা আপনার কমিউনিটি এবং তার বাইরেও পরিবর্তন আনতে পারে?

“সেভ দ্য চিলড্রেন ও দ্য আর্থ” এর যৌথ প্রযোজনায় আয়োজিত জেলা পর্যায়ের ইয়ুথ ইনোভেশন ল্যাব ২০২৬-এ অংশগ্রহণ করে আপনার ধারণাকে বাস্তব রূপ দিন। ইয়ুথ ইনোভেশন ল্যাব ২০২৬ এখন আবেদন গ্রহণ করছে সেই সমস্ত উদ্যমী, সৃজনশীল এবং অনুপ্রাণিত তরুণদের কাছ থেকে যারা একটি সুন্দর ভবিষ্যতের জন্য উদ্ভাবনী সমাধান তৈরি করতে প্রস্তুত!

ইয়ুথ ইনোভেশন ল্যাব কী?

ইয়ুথলেড ইনোভেশন ল্যাব হলো সেভ দ্য চিলড্রেন-এর একটি সিগনেচার প্রোগ্রাম, যা তরুণদের নেতৃত্বে পরিচালিত একটি পদ্ধতিনির্ভর কার্যক্রম। এই ল্যাবের মূল উদ্দেশ্য হলো প্রান্তিক তরুণদের সামাজিক ও অর্থনৈতিকভাবে ক্ষমতায়ন করা, যাতে তারা সহায়ক পরিবেশে প্রচলিত চিন্তাধারার বাইরে ভাবতে পারে এবং নিজেদের ও তাদের কমিউনিটির জন্য প্রয়োজনীয় উদ্ভাবনী সমাধান তৈরি করতে পারে।

এই প্রক্রিয়ার মাধ্যমে তরুণদের উদ্যোক্তা দক্ষতা বৃদ্ধি পাবে এবং তাদের সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলার জন্য টেকসই সমাধান উদ্ভাবনে সহায়তা করবে। আপনি যদি একজন শিক্ষার্থী, উদ্যোক্তা, প্রযুক্তিনির্ভর সমাধানে আগ্রহী অথবা সামাজিক পরিবর্তনে বিশ্বাসী হয়ে থাকেন – তাহলে এই ল্যাব আপনার জন্যই!

আমরা কী অফার করছি

- প্রশিক্ষণ ও কর্মশালা:** ডিজাইন থিংকিং, উদ্যোক্তা দক্ষতা, টিম বিল্ডিং, প্রোটোটাইপ তৈরি এবং ডিজিটাল উদ্ভাবন বিষয়ক সেশন।
- মেন্টরশিপ:** সেভ দ্য চিলড্রেন এবং অন্যান্য ক্ষেত্রের বিশেষজ্ঞদের কাছ থেকে সরাসরি পরামর্শ ও দিক নির্দেশনা।
- সিড ফান্ডিং:** নির্বাচিত অংশগ্রহণকারীরা তাঁদের প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক সহায়তা পেতে পারেন।
- নেটওয়ার্কিং:** অন্যান্য উদ্ভাবক, পেশাজীবী এবং বিনিয়োগকারীদের সঙ্গে যোগাযোগের সুযোগ।
- উপস্থাপনার সুযোগ:** অংশীদার, স্টেকহোল্ডার এবং গণমাধ্যমের সামনে আপনার উদ্ভাবন উপস্থাপন।



কারা আবেদন করতে পারবেন

গুরুত্বপূর্ণ তারিখসমূহ

আবেদনের শেষ তারিখ: ১৫ জুলাই ২০২৬
ল্যাব অনুষ্ঠিত হবে: ১৬ - ১৮ অগাস্ট ২০২৬
অবস্থান: কিশোরগঞ্জ জেলা

আবেদন করার প্রক্রিয়া

আবেদনপত্র পূরণ করে অথবা বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ফোকাল পার্সনের সাথে মৌখিক যোগাযোগের মাধ্যমে আবেদন জমা দিন।



যেকোনো ৩ থেকে ৫ জনের একটি তরুণ নেতৃত্বাধীন দল নিজ নিজ এলাকার সামাজিক, অর্থনৈতিক অথবা পরিবেশগত সমস্যার উপর ভিত্তি করে আবেদন করতে পারবে।